গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী 'শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজন (অধীন দপ্তর/সংস্থা) এর সাথে মতবিনিময়' সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৭ ফেব্রুয়ারি, ২০২১
সময় : বেলা ১২.০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব জানান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং উত্তম চর্চা অনুশীলনে কাজ করে যাচ্ছে।

১.২ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হলো নৈতিকতা কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান, উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (stakeholders) সভা, পরিচ্ছন্নতা ও অফিস পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্য সচেতনতা, সভা/প্রশিক্ষণ আয়োজন, বিভিন্ন আইন ও বিধির খসড়ার আইনগত ভেটিং গ্রহণ, নীতিমালার খসড়া অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ, নিয়মিত গণশুনানী অনুষ্ঠান আয়োজন ইত্যাদি। জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরে 'শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়' সভা অনুষ্ঠানের পরিকল্পনার আলোকে অদ্যকার সভা অনুষ্ঠিত হচ্ছে।

১.৩ মতবিনিময় সভায় পর্যায়ক্রমে গত ২৬/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত অংশীজন সভার সিদ্ধান্ত বাস্তবাস্তয়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় বিআরটিএ'র বিষয়ে বছরে যে পরিমাণ গাড়ী বাড়ছে এবং সে তুলনায় ড্রাইভার বাড়ছে কীনা তার পরিসংখ্যান সংরক্ষণ ও এ বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের বিষয় আলোচনা হয়।

১.৪ ব্যবস্থাপনা পরিচালক, ডিবিআরটিসিএল বলেন, বিআরটিসি'র বাস চলাচল বিষয়ে প্যাসেঞ্জার - কিলোমিটার পরিসংখ্যান ইত্যাদির তথ্য উপাত্ত থাকা প্রয়োজন। সে আলোকে যাত্রী সেবা/ব্যবসার পরিকল্পনা নেয়া যায়।

১.৫ সভায় সভাপতি বিআরটিসি'র বিষয়ে বলেন বিআরটিসি'র যত্রতত্র গাড়ী না থামানো, ট্রাফিক আইন মানার জন্য বিআরটিসি'র চালকদের সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার কার্যক্রমসমূহের প্রমাণক দিতে হবে। বিআরটিসি'র কার্যকর বাস সার্ভিস সেবার বিষয়ে প্যাসেঞ্জার - কিলোমিটার পরিসংখ্যান নিয়ে কার্যকর যাত্রী সেবার উদ্যোগ নিতে পারে। প্রয়োজনে বিশেষজ্ঞের মতামত নেয়া যায়। শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়টি সবার মধ্যে বিস্তৃত করা প্রয়োজন। এ বিষয়ে সকল সংস্থা ব্যবস্থা গ্রহণ করবে।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | বছরে কতগুলি গাড়ী বাড়ছে এবং সে তুলানায় ড্রাইভার বাড়ছে কীনা তার পরিসংখ্যান থাকতে হবে; | চেয়ারম্যান (বিআরটিএ) |
| (২) | বিআরটিএ গ্রাহক সেবার মান উন্নয়নে গ্রিভেন্স রিড্রেস সিস্টেম ও অন লাইন সেবা প্রদান বিষয়টি কার্যকর মনিটরিং করতে পারে; | চেয়ারম্যান (বিআরটিএ) |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (৩) | বিআরটিসি'র বাস চলাচল বিষয়ে প্যাসেঞ্জার - কিলোমিটার তথ্য উপাত্ত নিয়ে কার্যকর বাস সেবার উদ্যোগ নিতে পারে; | চেয়ারম্যান (বিআরটিসি) |
| (৪) | যত্রতত্র গাড়ী না থামানো, ট্রাফিক আইন মানার জন্য বিআরটিসি'র চালকদের সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | চেয়ারম্যান (বিআরটিসি) |
| (৫) | সকল দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার বিস্তার ও উত্তম চর্চার অনুশীলনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সওজ)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ চেয়ারম্যান (বিআরটিএ/বিআরটিসি)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |

০৩। সভাপতি সমাপনী বক্তব্যে শুদ্ধাচার এবং উত্তম চর্চা প্রতিষ্ঠায় আজকের অংশীজন সভায় অংশগ্রহণ করার জন্য সকলকে ধন্যবাদ জানান। উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/২/২১
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০২৫.২০-১২৯

তারিখ : ১২ ফাল্গুন, ১৪২৭ / ২৫ ফেব্রুয়ারি, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৮। যুগ্ম সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯। উপসচিব (বাজেট/টোল ও এক্সেল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :
০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। অফিস কপি/মাস্টার কপি।

২৫/২/২০২১

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd